সোনালী ব্যাংক পিএলসি
বিশ্বস্ত ও স্মার্ট

অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ মেসার্স দিপু এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী- মোঃ হুমায়ুন কবির, ১, সিমসন রোড, সদরঘাট, থানা-কোতয়ালী, ঢাকা-১১০০। জামিনদাতা-মোঃ আব্দুস সালাম, পিতা-মরহুম মোঃ আব্দুর রহমান।

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩১.১২.২০২৩ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ২,০৭,০৯,৫৫০.৮০ টাকা (কথায় দুই কোটি সাত লক্ষ নয় হাজার পাঁচশত পঞ্চাশ টাকা আশি পয়সা) এবং আদায় কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন-বণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ ধারা মোতাবেক প্রাপ্ত বন্ধকী সম্পত্তির নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদীতে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জেলা- ঢাকা, থানা-কোতোয়ালী ও সাব-রেজিস্ট্রি অফিস ঢাকা সদর অধীন, ঢাকা কালেক্টরীর ৪৮১৩ বি-১ নং তৌজিভূক্ত, মৌজা-সাবেক 'শহর ঢাকা' হালে 'ঢাকা' স্থিত, জেএল নং-সি.এস-১, এস.এ-১ ও আর.এস-০১, ঢাকা সিটি জরিপ-১, খতিয়ান নং সি.এস-১৫৫৬১, এস.এ-২৩১২, আর.এস-৬১৫, ঢাকা সিটি জরীপ-১৮৮৮, আর.এস মোতাবেক নামজারী খতিয়ান-৬১৫/১, আর.এস জোত-২৭/৩৫, ঢাকা সিটি জরিপ মোতাবেক নামজারী খতিয়ান নং-১৪০১৩, জোত নং-৫৬/৭৩, দাগ নং সি.এস-৩৯(উনচল্লিশ), এস.এ-৪১৬১ (চার হাজার একশত একষট্টি), ৪১৬২(চার হাজার একশত বাষট্টি), আর.এস-৬৬০৮ (ছয় হাজার ছয়শত আট), ৬৬০৯ (ছয় হাজার ছয়শত নয়), ঢাকা সিটি জরীপ-১৯৫১০ (উনিশ হাজার পাঁচশত দশ)। জমির পরিমাণ-০৪৩৬ (চারশত ছত্রিশ) অযুতাংশ ও উক্ত ভূমির উপর নির্মিত ৮ (আট) তলা ভবনের নীচ তলার দোকানসমূহ ব্যতিরেকে ২য় তলা হতে ৮ম তলা পর্যন্ত স্থাপনাসহ যাবতীয় নির্মাণাদী। যাহার হোল্ডিং নং-০১, সিমসন রোড, সদরঘাট, থানা-কোতোয়ালী, ঢাকা। চৌহদ্দি ঃ উত্তরে-আবদুল জলিল, দক্ষিণে- গোলাম মোর্শেদ, পূর্বে-সিমসন রোড এবং পশ্চিমে- আবদুর রউফ। জমির মালিকঃ মোঃ আবদুস সালাম, পিতা-মরহুম আবদুর রহমান ডাক্তার,স্থায়ী সাং-২৪/১, এস, কে দাস রোড, গেন্ডারিয়া, থানা-সূত্রাপুর, ঢাকা।

শর্তসমূহ ঃ

০১ আগামী ১৪.০৩.২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হইবে। ঐদিনই বেলা-৪.১৫ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখায় পৌছাইতে হইবে।

০২ দরপত্র সিলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩ দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলো।

	আর্নেস্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে
খ	উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে

০৪ দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উর্দ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতে অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উর্দ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমম্বয় করা হইবে।

০৫ দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তি প্রস্তাবকৃত অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬ দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭ নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন,দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮ ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ বিল, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯ কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো বা দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০ দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১ নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

(মোঃ নজরুল ইসলাম)
জেনারেল ম্যানেজার
রমনা কর্পোরেট শাখা, ঢাকা
মোবাইল নং-০১৭১৩৭৫৮৪৮৩